



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।  
ক্রেডিট বিভাগ

ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
(এক্সটেনশন-২২৩৭)  
E-mail : dgmsme@krishibank.org.bd  
dgmlad1@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিটবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২০-২১/ ২৩৪৭(১২০০)

তারিখঃ ০৩/০৬/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা নন এমন উদ্যোক্তাদের ব্যবসায়িক ঠিকানা ও বর্তমান ঠিকানা বিবেচনায় নিয়ে সিএমএসএমই খাতে জামানতবিহীন ঋণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ {পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০} এবং প্রকল্প বাস্তবায়ন বিভাগের ১২/১২/২০১২ তারিখের পত্রসূত্র নং-৩৩২ মূলে নারী-পুরুষ নির্বিশেষে সকল উদ্যোক্তাদের অনুকূলে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানত/সহায়ক জামানতবিহীন ঋণ প্রদানের বিধান রাখা হয়েছে, তবে উদ্যোক্তাকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। উদ্যোক্তা প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলে সেক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রেও জামানত গ্রহন করতে হবে মর্মে নির্দেশনা দেয়া আছে।

০২। মাঠ কার্যালয়ের সুপারিশ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই-র আওতায় ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ৩১/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৮৯তম সভায় অত্র ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এর অন্যান্য বিষয়াবলী যথাযথভাবে পরিপালনপূর্বক অনুচ্ছেদ নং-১৯(জামানত) এবং ৪৫.ক(১১) এ বর্ণিত শর্ত নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপন করতঃ নীতিমালা সহজীকরণের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

| এসএমই ঋণ নীতিমালা-২০১০                                                    | বর্তমান নীতিমালা                                                                                                                                                                                                                                                | পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |
|---------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| অনুচ্ছেদ নং-১৯ (জামানত) এর বিধিঃ অংশ                                      | উদ্যোক্তা প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলে সেক্ষেত্রে ক্ষুদ্র ও মহিলা উদ্যোক্তাদের জন্য ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রেও জামানত গ্রহন করতে হবে। সেক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্ব ঋণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মানুযায়ী জামানত গ্রহন করতে হবে। | নারী-পুরুষ নির্বিশেষে সকল উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও) ক্ষেত্রে জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে এসএমই ঋণ নীতিমালা-২০১০ এবং ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে। তবে উদ্যোক্তাদের স্থায়ী ঠিকানা যাচাইপূর্বক নিশ্চিত হতে হবে এবং বর্তমান ব্যবসা/উৎপাদন স্থল (কারখানা) সরেজমিনে শাখা কর্তৃক পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করে নথিভুক্ত করতে হবে। |
| অনুচ্ছেদ নং-৪৫.ক(১১) ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে দলিলায়ন | ঋণ গ্রহিতা প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্ব ঋণের ক্ষেত্রে প্রযোজ্য দলিলাদি সম্পাদন করতে হবে।                                                                                                                                | পরিকল্পনা ও পরিচালন পরিপত্র (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ [ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০], তারিখঃ ৩০/১১/২০১০ এ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে দলিলায়ন সংক্রান্ত অনুচ্ছেদ নং-৪৫.ক(১১) এর নির্দেশনা রহিত করা হলো।                                                                                                                                                                                                                                                                                                 |

০৩। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদে গৃহীত উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

০২-২২৩৩৮৮৯৪৯

নং-প্রকা/ক্রেগবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২০-২১/ ২৬৪৭(৬২৫০)

তারিখঃ ০৩/০৬/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

*Mosharraf*

০৬/০৬/২০২১

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক